



রামিসা হত্যা মামলায় আদালতে সাক্ষ্যগ্রহণ শুরু



সংগৃহীত ছবি

রাজধানীর পল্লবীতে শিশু রামিসাকে ধর্ষণের পর হত্যার ঘটনায় দায়ের করা মামলায় আনুষ্ঠানিকভাবে সাক্ষ্যগ্রহণ শুরু হয়েছে। মামলার বাদীসহ ১৭ জন সাক্ষীকে আদালতে হাজির হওয়ার জন্য সমন জারি করা হয়েছে।

সোমবার (১ জুন) ঢাকা মহানগর শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের বিচারক মাসরুর সালেকীন গ্রেপ্তার হওয়া দুই আসামি সোহেল রানা ও তার স্ত্রী স্বপ্না আক্তারের বিরুদ্ধে বিচার কার্যক্রম শুরুর আদেশ দেন।

এর আগে, গত ২৪ মে মামলার পুলিশ প্রতিবেদন গ্রহণ করে অভিযোগ গঠনের শুনানির জন্য ১ জুন দিন নির্ধারণ করেছিলেন আদালত।

মামলার নথি অনুযায়ী, নিহত রামিসা রাজধানীর পপুলার মডেল হাইস্কুলের দ্বিতীয় শ্রেণির শিক্ষার্থী ছিল। গত ১৯ মে সকাল সাড়ে ৯টার দিকে সে বাসা থেকে বের হওয়ার পর নিখোঁজ হয়ে যায়। পরে পরিবারের সদস্যরা খোঁজাখুঁজির একপর্যায়ে পাশের একটি ফ্ল্যাটের সামনে তার একটি স্যান্ডেল পড়ে থাকতে দেখে সন্দেহ করেন।